

জাতের নামে ঢালিস তোরা গরম ভাতে ঘি
বউকে ডাকিস মা বলে মা তা হলে কি ?
বল মা তা হলে কি ?

ধর্ম বর্ণ জাতি ভেদে ভাংগিস পৃথিবী
ভাংগার খেলায় মগ্ন তোরা গড়বি কবে কি
এবার রুখে দাঁড়া, এবার ফিরে দাঁড়া
দাঁড়া নিজের মুখোমুখি ।

বক্ষে তোদের আছে ধরে এই না ধরিত্রী
নারী-পুরুষ বিভেদ ভুলে দাঁড়া পাশাপাশি
নারী তোদের বোন, নারী তোদের মেয়ে
সেই নারীকে করিস তোরা জীবন সংগিনী
সুখের ঘরে ফিরতে হ'লে
পর সাম্যবাদের ছাতী ।

জীবন তো নয় গা মা পা নি
সুরে সুরে আলাপ ধ্বনি
জীবন হলো শক্ত মাটি
ভাংগা ঘটে ইট সুরকী
মায়ের মতই প্রতিটি মা
পায় যেন রে আনন্দ হাসি

শিখ মা তা হলে কি ?
বল মা তা হলে কি ?
বল মা তা হলে কি ?
বল মা তা হলে কি ?
বল মা তা হলে কি ?

মৌ মধুবন্তী
টরন্টো
মে ২২,০০৬